KANDI RAJ COLLEGE (১)

2ND SEM (BENG-H-CC-T-3)

পর্ব-১ ছন্দ - তৃতীয় পরিচ্ছেদ -

অক্ষরবৃত্ত | মিশ্রবৃত্ত ছন্দ

SYNOPSIS - (21)

Dr. Shila Bhattacharyya
Dept of Bengali
KANDI RAJ COLLEGE
M.S.D W.B

14.05.2020

১। মধ্যযুগের অধিকাংশ বাংলা আখ্যানকাব্য (অনুবাদসাহিত্য - রামায়ণ, মহাভারত ও ভাগবত এবং মঙ্গলকাব্য) প্রধানত এই ছন্দে (অক্ষরবৃত্ত | মিশ্রবৃত্ত) রচিত।

২। এই ছন্দের প্রকৃতি ও বৈশিষ্ট্য অনুসারে নাম নামকরণ করা হয়েছে। যেমন তানপ্রধান ছন্দ, ঝোঁকপ্রধান ছন্দ, অক্ষরবৃত্ত ছন্দ, আধুনিক নাম মিশ্রকলাবৃত্ত ছন্দ।

৩। প্রাচীন পয়ারের ভিত্তিতে (৮+৬) এই ছন্দ (১৪ মাত্রা) রচিত।

উদা: মহাভারতের কথা। অমৃত সমান
কাশীরাম দাস কহে। শুনে পুণ্যবান। (৮+৬)

(সূত্র অক্ষরবৃত্ত ছন্দ)

পয়ারের (৮+৬) ভিত্তিতেই রচিত কাশীরাম দাস 'মহাভারত' অনুবাদ করেন।

৪। এই ছন্দে যুক্তদল সর্বত্র ২ মাত্রা নির্ধারিত। (উ. সুরদল)

৫। এই ছন্দে রুদ্ধ দলের অবস্থান ভিন্ন রকম আছে। আদি রুদ্ধ দল ও অন্ত্য রুদ্ধ দল (শেষ) ১ মাত্রা প্রাপ্ত হয়। কিন্তু স্বতন্ত্র রুদ্ধ দল ও অন্ত্য (শেষ) রুদ্ধদল ২ মাত্রা প্রাপ্ত হয়। উপরোক্ত (ক) উদাহরণটিতে রুদ্ধ দলের অবস্থানের উপর (—) চিহ্ন দিয়ে দেখানো হয়েছে যেখানে (⊥) ১ মাত্রা এবং (⊥⊥) ২ মাত্রা।

৬। এই ছন্দ রুদ্ধ দলের অবস্থান (বা বিন্যাস) শিল্পরীতিতে অনুসৃত হয়েছে (দলগুলোর মাত্রা- এই রুদ্ধ দল যেখানে যেমন - আদিরুদ্ধ, মধ্য রুদ্ধ, এবং অন্ত্যরুদ্ধের মাত্রা এই রুদ্ধ দল - (স্বতন্ত্র ও শেষ রুদ্ধ) - দুইমাত্রা), তাই আচার্য চন্দ্র শেখর এর নাম দিয়েছেন শিল্পবৃত্ত বা শিল্পকলাবৃত্ত ছন্দ। এই ছন্দে পাঠকালে সুরের টান এসে যায় - তাই তানপ্রধান ছন্দ।

৭। এই ছন্দ পাঠকালে সুরের টান এসে যায় - তাই ঝোঁকপ্রধান ছন্দ বলে।

বিশেষ বক্তব্য: হাতে লেখা ১৩.০৫.2020 থেকে ১৭.০৫.2020 ইন্টারনেট, পরিচিতের বন্ধু মারফৎ, যোগাযোগ সম্পন্ন হয়েছে ওয়েবসাইটে - প্রেরণ করা যায় নি। চতুর্থ পরিচ্ছেদ ১০/১২ দিন পরে পাঠানো হবে। এই সময়ে অন্য অধ্যায়ে পড়ান হবে।

শীলা ভট্টাচার্য
১৪.০৫.2020

শীলা ভট্টাচার্য ১৪.০৫.২০ (যোগাযোগ)

উদাহরণ (খ) নীরব বাঁশরী খানি | তেজেছে আবার।
প্রিয়ার বারতা বুঝি | এসেছে আমার॥ ৮+৬

ছন্দোবিশ্লেষণ: এটি মিশ্রবৃত্ত বা অবৃত্ত ছন্দ।

২। এখানে পর্ব/পদ-গতি একই সমে পড়েছে (৮+৬) অর্থাৎ পর্ব ও পদ ৩ টি।
৩। পর্বের পদের মাত্রা সংখ্যা ৮+৬ – সুতরাং এটি পয়ার ছন্দ বলা যেতে পারে।
৪। এখানে মুক্ত দল ও মাত্রা (প্রথম চরণে ১০টি মুক্ত দল, দ্বিতীয় চরণে – ১০টি মুক্ত দল)
৫। এখানে শব্দ শেষের শব্দদলগুলি (৪টি শব্দ দল) হসন্ত হয়েছে,
৬। চার-চারটি পর্ব পড়ার সময় সুরের আকার লক্ষ্য করলে তান প্রধান ছন্দ।
৭। সুরের প্রভাবে লয় হয়েছে ধীর – ধীর লয় ছন্দ।
৮। পয়ার/অক্ষরবৃত্তের শ্লোথগতি – এই ছন্দের এই শ্লোথগতি দিয়েছে রৈবিন্দ্রিক। পয়ারের পর্বদলে তান বা সুরের প্রভাবে দ্বিতীয় চরণে লঘু স্বর বা সংযুক্তাক্ষর পাশাপাশি বসলে উভয়ের প্রধান হতে পারে। এই রীতির ছন্দ হয়েছে গতিময় ছন্দের শ্লোথগতি।

উদাহরণ (গ) জীবন যৌবন রাজ্য সুখ | দুঃখ দারিদ্র্য।
সত্য ন্যায় ধর্ম | এখনো ধরিত্রী॥ ৮+৬

এই উদাহরণে প্রথম চরণে ৩টি যুক্তাক্ষর আছে।
দ্বিতীয় চরণে সবই সংযুক্ত বা লঘু অক্ষর বসেছে।
তাই কিন্তু মাত্রা পর্ব বিভাগে কোন অসুবিধা হয়নি,
অবৃত্ত ছন্দ বৈচিত্র্যময়। এই রীতির মূল প্রবৃত্তির অনুসরণ
করে সৃষ্টি হয়েছে – অমিত্রাক্ষর ছন্দ, বলাকার ছন্দ বা মুক্তক ছন্দ।
পরবর্তী অধ্যায় এই বিষয় আলোচিত হবে।

১৩.০৫.২০২০ - ১৭.০৫.২০২০ অনিবার্য কারণে ক্লাস বন্ধ ছিল,

শ্রীশ্রীভট্টাচার্য
১৪.০৫।২০

সুমন
১৮।০৫।২০